

রবীন্দ্রসৃষ্টির নব মূল্যায়ন

সম্পাদনা
মোস্তাক আলি
সুবীর মান্না

সম্পাদনা

RABINDRASRISTIR NABAMULYAN
Edited by MOSTAK ALI, SUBIR MANNA

ISBN : 978-93-81858-99-8

প্রথম প্রকাশ
জানুয়ারি, ২০২১

প্রকাশক
গুণেন শীল
পত্রলেখা
১০ বি কলেজ রো
কলকাতা ৯
চলভাষ : ৯৮৩১১১০৯৬৩

বর্গসংস্থাপন
অক্ষরবৃত্ত
কলকাতা ৩৬

মুদ্রণ
ভারতী অফসেট
কলকাতা ১১৮

প্রচ্ছদ
অমিত মণ্ডল

দাম
৫০০.০০

সূচিপত্র

বনমালী— কবির এক পরিচারকের নাম ১

ড. শ্যামসুন্দর কুণ্ডু

রবীন্দ্রনাথ ও ফরাসি সাহিত্য ৩৬

উর্মি রায়চৌধুরী

‘রক্তে রাঙা ভাঙন ধরা পথে’ :

বিশ্বযুদ্ধ ও যুদ্ধবাজদের সম্পর্কে রবীন্দ্র ভাবনার ক্রমবিবর্তন ৫৭

অরুণকুমার দাস

রবীন্দ্রনাথের গল্পে দেশ-কাল ও রাজনীতির ভাবনা ৬৬

শশাঙ্কশেখর মণ্ডল

রবীন্দ্রনাথের ‘ডাকঘর’: কালোচিত বিনির্মাণে সময়ের অভিঘাত ৭৮

রজত দত্ত

সন্ধ্যা আসে দিন যে চলে যায় : বিদ্যাপতি ও রবীন্দ্রনাথ ৮৭

পাঞ্চগলী মুখার্জী

রবীন্দ্র কথাসাহিত্য : প্রান্তিক জীবনের দরদি ভাষ্য ৯৩

ড. ঋষিপ্রতিম ঘোষ

সত্যজিৎ রায়ের চিত্রনাট্য :

রবীন্দ্র ছোটগল্প ‘পোস্টমাস্টার’-এর ভিন্ন পাঠ ১০০

ড. দেবশিস দেবনাথ

মৃগাল সেনের চলচ্চিত্রে রবীন্দ্র প্রত্যয় ১১৭

মোস্তাক আলি

‘গীতাঞ্জলি’র গান, মানুষেরই জয়গান ১৩৫

বঙ্গজ মণ্ডল

রবীন্দ্র-কথাসাহিত্য : প্রান্তিক জীবনের দরদি ভাষ্য ড.ঋষিপ্রতিম ঘোষ

জীবনের গোধূলিবেলায় বড়ো অকপট হয়েই রবীন্দ্রনাথের স্বীকারোক্তি ছিল—
“মাঝে মাঝে গেছি আমি ও পাড়ার প্রাঙ্গণের ধারে;/ভিতরে প্রবেশ করি সে
শক্তি ছিল না একেবারে।”^১ তবু কবির শেষ আকাজক্ষা ছিল অন্তিম পরিচয়ে
তাঁর গায়ে যেন মানুষের নামই লেখা থাকে। সে মানুষ আসলে প্রান্তজন।
যৌবনে পূব-বাংলার নদীবিধৌত গ্রামে গ্রামে ঘুরে অসহায় যে জীবনকে তিনি
প্রত্যক্ষ করেন পরবর্তীকালে তার আরেক রূপ খুঁজে পান বীরভূমের
রক্তমৃত্তিকায়। রবীন্দ্রসাহিত্যে মানুষের চিত্রায়নে তাই প্রান্তিকতার দর্শন
উপেক্ষিত হয়নি। তবে কবিতা আর নাটকে ভাবানুষঙ্গে অন্তেবাসীর রূপায়ণ
ঘটিয়েছেন কবি যা সংখ্যায় সুপ্রচুর। অন্যদিকে কথাসাহিত্যে প্রত্যক্ষতার
कारणे প্রান্তজনের প্রসঙ্গ কম এসেছে।

রবীন্দ্রনাথের গল্প-উপন্যাসে প্রান্তজনের মুখ হয়ে উঠেছে মূলত
গ্রামবাংলার দরিদ্র কৃষক, অসহায় সংখ্যালঘু সম্প্রদায়, জেলে, তাঁতি, বেগার
শ্রমিক, নাপিত, ডোম, জোলা, চামার প্রভৃতি শ্রেণির মানুষরা। এরা কখনও
হিন্দুসমাজের বর্ণব্যবস্থায় কোণঠাসা, কখনও ধর্মীয় সংখ্যাগুরুদের দ্বারা
নিপীড়িত, কখনও মধ্যস্বত্বভোগী জমিদারদের শোষণের শিকার। প্রান্তিকতম
জনগোষ্ঠী আদিবাসীদের কথা বিচ্ছিন্নভাবে আসলেও রবীন্দ্র-কথাসাহিত্যে
তাদের উপস্থিতি বিস্তৃত পরিসরে নেই। এইসব ব্রাত্য জনগণ রবীন্দ্র-
গদ্যআখ্যানে গভীর সহমর্মিতায় অঙ্কিত। কবির অন্যান্য শাখার রচনা যেমন
‘অপমানিত’, ‘রথের রশি’, ‘প্রথম পূজা’ প্রভৃতির সঙ্গে এগুলিকে মিলিয়ে
পড়লে টের পাওয়া যাবে কেবল জীবনদেবতা নয় রবীন্দ্রসাহিত্যে গণদেবতারও
জয় ঘোষিত হয়েছে।

ছোটোগল্পের পরিসরেই মাটির কাছাকাছি থাকা অবমানিত ব্রাত্য
মানবহৃদয়ের বেদনাকে সর্বাগ্রে উন্মোচন করেছেন রবীন্দ্রনাথ। প্রথম পর্যায়ের